

রক্তে লেখা

□ সঞ্চয়িতা নাথ

চিতার আগুনে জ্বলছে পিচ
গিলছে কত রাজপথ -
পথের গহ্বরে ঝরছে ঘাম
কত পুরুষ মহিলা নর-নারী,
তোমরা কি চেনো তাদের....
শুনেছো কি রক্ত ঝরা ঘাসের কান্না-
দেখেছো কি গলিত পিচের উত্তপ্ত শ্বাসে
ঝলসানো শরীরের কালো ছোপ ?

ক্ষুধার্ত শ্রমিকের করুণ ইতিহাসে
ছোট বড় কত জনপথ, রাজপথ
ডানা মেলে জেগে ওঠে এক নুতন সাজে,
পাহাড় টিলা বনভূমির গা ঘেসে আর
নদীর ধার ধরে ছুটে চলে কত মাইল.... কত ক্রোশ,
কত শ্রমিক বন্ধুর উষ্ণ নিঃশ্বাসে
সে পথে ঘুরছে গাড়ির চাকা-
সাইকেল, মটর, মালবাহী লরী,
মারুতি ভ্যান আরও কত প্রাইভেট কার,
শ্রমিক ভাইদের রক্ত ঝরা ঘাম
দুপায়ে মাড়িয়ে সে পথে রাতদিন
ছুটছে কত হাজার জনতা ।

শুনেছো কি কখনো সেই কান্নার বিলাপ...
পথের বুকে মিশে থাকা নামহীন
শ্রমজীবীদের নীরব করুণ আর্তনাদ ?
তোমরা কি চেনো তাদের....
শুনেছো কি সেই অশ্রুর ব্যথা.... ?
যে পথ গড়ে তারা- একদিন
সে পথেই লুটায় প্রাণ....